গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সেকেন্ডারি এডুকেশান ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি)
প্রোগ্রাম কো-অর্ডিনেশন ইউনিট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
ই-মেইলঃ sedppcu@gmail.com

শিক্ষা নিয়ে গড়বো দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং: এসইডিপি/পিসিইউ/অ্যাকসেস/ উপবৃত্তি/মাপযোগ/০১/২০১৮/২৪ তারিখ: ৩০/০৯/২০১৯খ্রিঃ

**বিষয়ঃ সমাপ্ত সেকায়েপভুক্ত ২৫০ উপজেলায় ২০১৯ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির উপবৃত্তির সুবিধাভোগী নির্বাচন।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে SEDP'র অধীন "সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (এইচএসপি)"-এর আওতায় সমাপ্ত সেকায়েপভুক্ত ২৫০ উপজেলায় ২০১৯ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির উপবৃত্তি প্রদানের জন্য অতি-দরিদ্র যোগ্য শিক্ষার্থী নির্বাচনের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হল:

**ক. প্রতিষ্ঠানভিত্তিক অতি-দরিদ্র যোগ্য শিক্ষার্থী নির্বাচনের জন্য কমিটি গঠনঃ**

| ক্রমিক | বিবরণ | কমিটিতে পদমর্যাদা |
|---|---|---|
| ১. | বিদ্যালয়/মাদ্রাসা ব্যবস্থাপনা কমিটির সভাপতি | সভাপতি |
| ২. | বিদ্যালয়/মাদ্রাসা ব্যবস্থাপনা কমিটির একজন মহিলা সদস্য | সদস্য |
| ৩. | অভিভাবক শিক্ষক সমিতির প্রতিনিধিত্বকারীর পক্ষ থেকে একজন প্রতিনিধি (PTA) | সদস্য |
| ৪. | ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ডের মহিলা সদস্য | সদস্য |
| ৫. | সংশ্লিষ্ট বিদ্যালয়/মাদ্রাসা-এর প্রধান শিক্ষক/সুপার | সদস্য সচিব |

**খ. প্রতিষ্ঠানভিত্তিক অতি দরিদ্র শিক্ষার্থী নির্বাচনের মানদণ্ডঃ**

- যে সমস্ত অভিভাবক /পিতা-মাতা ন্যূনতম ৭৫ শতাংশ ভূমির মালিক;
- যে সমস্ত অভিভাবক /পিতা-মাতার বার্ষিক আয় অনধিক ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা;
- নিঃস্ব ব্যক্তি, সহায়-সম্বলহীন (এতিম, পিতৃ-মাতৃহীন);
- অসচ্ছল বীর মুক্তিযোদ্ধার ছেলে-মেয়ে/নাতি-নাতনি;
- আয় করতে অক্ষম (প্রতিবন্ধী, অন্ধ, বোবা এবং আরও অন্যান্য সমশ্রেণিভুক্ত এবং তাদের সন্তান);
- বাস্তুচ্যুত এবং অসচ্ছল পরিবারের সন্তান;
- খুব ক্ষুদ্র আয়ের বিশেষ করে রিকশাওয়ালা বা দৈনিক ভিত্তিতে কাজ করেন এমন ব্যক্তির সন্তান;
- প্রতিবন্ধী শিক্ষার্থী (অটিস্টিক/শারীরিক/শ্রবণ/ বাক/দৃষ্টি প্রতিবন্ধী/বুদ্ধি প্রতিবন্ধী যাদের আইকিউ ভিত্তির গড় ন্যূনতম ৮০)।

উপরোক্ত মানদণ্ড বিবেচনায় একজন শিক্ষার্থী Pro-Poor Policy-এর আওতায় উপবৃত্তির জন্য তালিকাভুক্ত হবে কিন্তু প্রতিবন্ধী শিক্ষার্থী সর্ব্বোচ্চ অগ্রাধিকার পাবে। অগ্রাধিকার বলতে, আবেদন ফরমে অভিভাবকের তথ্য/উপাত্ত অংশে উপযুক্ততার ক্যাটাগরিতে ৮টি বিষয়ের মধ্যে অধিকসংখ্যক ক্যাটাগরিতে টিক চিহ্নিত শিক্ষার্থী অগ্রাধিকার পাবে। সমসংখ্যক টিক চিহ্নধারী শিক্ষার্থীদের মধ্যে বার্ষিক পরীক্ষায় অপেক্ষাকৃত ভাল ফলাফলকারী শিক্ষার্থী অগ্রাধিকার পাবে। ২০১৮ ও ২০১৯ শিক্ষাবর্ষের উপবৃত্তি প্রাপ্তির জন্য নির্বাচিত ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির শিক্ষার্থীদের প্রাথমিক সমাপনী পরীক্ষা পাশের মূল সনদ (স্কুল/মাদ্রাসা/কিন্ডারগার্টেন/ব্র্যাক স্কুল ইত্যাদি ক্ষেত্রে) শিক্ষা প্রতিষ্ঠানে জমা আছে কিনা তা নিশ্চিত হতে হবে। যদি কোন শিক্ষার্থীর উক্ত সনদ শিক্ষা প্রতিষ্ঠান প্রদর্শন করতে ব্যর্থ হয় তবে সে শিক্ষার্থীর নাম অর্ন্তভুক্ত করা যাবে না।

**গ. প্রতিষ্ঠানভিত্তিক অতি দরিদ্র শিক্ষার্থীর আনুপাতিক হারঃ**

সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ২০১৯ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্য হতে ছাত্রঃছাত্রী-১:৩ অনুপাতে দরিদ্রের ভিত্তিতে সুবিধাভোগী শিক্ষার্থী নির্বাচন করতে হবে। (এক্ষেত্রে সহশিক্ষা প্রতিষ্ঠানের জন্য শ্রেণিতে অধ্যয়নরত মোট ছাত্র সংখ্যার ১৫% এবং মোট ছাত্রী সংখ্যার ৪৫% নির্বাচন করতে হবে; কেবল বালক বিদ্যালয়/মাদ্রাসার ক্ষেত্রে শ্রেণির মোট শিক্ষার্থীর ১৫% ছাত্র এবং বালিকা বিদ্যালয়/মাদ্রাসার ক্ষেত্রে শ্রেণিতে মোট শিক্ষার্থীর ৪৫% ছাত্রী দরিদ্রের ভিত্তিতে নির্বাচন করতে হবে। শতকরা হার অনুযায়ী নির্ধারিত সংখ্যা ভগ্নাংশ হলে, ০.৫ বা এর অধিক ভগ্নাংশ পরবর্তী পূর্ণ সংখ্যায় রূপান্তর করা যাবে);

**ঘ. যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে:**

অস্বচ্ছল/দরিদ্র পরিবারের ছাত্র-ছাত্রী উপবৃত্তি ও টিউশন সুবিধার জন্য ভর্তিকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে পারবে;

- ২০১৯ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থীরা ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে পড়ে শুধুমাত্র তারাই উপবৃত্তি ও টিউশনের জন্য নুতন ভাবে আবেদন করতে পারবে;

- শারীরিক প্রতিবন্ধী শিক্ষার্থীদের উপজেলা সমাজসেবা অধিদপ্তর -এর নিকট হতে শারীরিক প্রতিবন্ধী মর্মে প্রত্যয়নপত্র সংগ্রহ করে প্রত্যয়নপত্রসহ আবেদন করতে হবে;
- শিক্ষার্থীকে অবশ্যই পিইসিই পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;
- একজন শিক্ষার্থী শুধু একটি বিদ্যালয়/মাদ্রাসা-হতে আবেদন করতে পারবে;
- আবেদনকারী শিক্ষার্থী অবশ্যই তার আর্থ-সামাজিক অবস্থার সঠিক তথ্য প্রদান করবে এবং কোন ভুল বা ভুয়া তথ্য প্রদান করলে সংশ্লিষ্ট বিদ্যালয়/মাদ্রাসা কর্তৃপক্ষ দায়ী থাকবে।

০২. এ লক্ষ্যে নতুন উপবৃত্তির সুবিধাভোগীদের তালিকা প্রস্তুত এবং Enrollment Form পূরণের বিষয়ে নিম্নলিখিত ধাপসমূহ অনুসরণ করা প্রয়োজন :

| কার্যক্রম | সময়সীমা |
|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা-এ সংক্রান্ত নির্দেশনা পত্র মাউশির ওয়েবসাইট হতে Download করবেন এবং উক্ত নির্দেশনা পত্রের কপি সেকায়েপভুক্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণপূর্বক সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করবেন। | ০১/১০/২০১৯ |
| শিক্ষা প্রতিষ্ঠান প্রধান নির্দেশনা অনুযায়ী বাছাই কমিটি গঠন এবং নির্ধারিত মাণদণ্ড অনুসরণে ২০১৯ সালের ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির অতি-দরিদ্র যোগ্য সুবিধাভোগী শিক্ষার্থীর পৃথক তালিকা প্রস্তুত করবেন এবং প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রদর্শন করবেন। | ১৫/১০/২০১৯ |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা উক্ত তালিকা তাঁর অফিসের নোটিশ বোর্ডেও প্রকাশ করবে, যদি অতি দরিদ্র কোন শিক্ষার্থী তালিকায় বাদ পড়ে থাকে তবে তাকে তালিকা প্রকাশের ৭(সাত) কর্মদিবসের মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট তালিকা ভুক্তির জন্য আবেদন করতে হবে; | ২৫/১০/২০১৯ |
| উপজেলা নির্বাহী কর্মকর্তা ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে উক্ত আবেদন নিষ্পত্তি করবেন; তালিকা সংযোজন/বিয়োজন করার মাধ্যমে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান অনুসারে যোগ্য শিক্ষার্থীদের প্রতিষ্ঠানভিত্তিক চূড়ান্ত তালিকা অনুমোদন করবেন, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করবেন এবং অনুরূপ তালিকার কপি নিজ দপ্তরে সংরক্ষণ করবেন ; | ৩০/১০/২০১৯ |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা প্রতিষ্ঠানভিত্তিক উক্ত তালিকার সফট কপি সংযুক্ত ছকে একটি Summary sheet-সহ ই-মেইল ঠিকানা: sedp.seqaepstipend@gmail.com-এ প্রেরণ করবেন। | ০৫/১১/২০১৯ |
| সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান অনুমোদিত তালিকা অনুযায়ী Enrollment Form পূরণ পূর্বক উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দপ্তরে প্রেরণ করবেন। | ১০/১১/২০১৯ |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা প্রতিষ্ঠানভিত্তিক পূরণকৃত Enrollment Form একটি Summary sheet-সহ প্রোগ্রাম কো-অর্ডিনেটর, সেকেন্ডারি এডুকেশান ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি), শিক্ষা ভবন,২য় ব্লক, ৩য় তলা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এ প্রেরণ করবেন। | ১৫/১১/২০১৯ |

০৩. এমতাবস্থায়, সমাপ্ত সেকায়েপভুক্ত ২৫০ উপজেলায় ২০১৯ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির উপবৃত্তি প্রদানের জন্য অতি-দরিদ্র যোগ্য শিক্ষার্থী নির্বাচন এবং Enrollment Form পূরণের বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

জাবেদ আহমেদ
অতিরিক্ত সচিব
ও
প্রোগ্রাম কো-অর্ডিনেটর

সংযুক্তি: আবেদন ফরম, Enrollment Form, প্রত্যয়নপত্র ও তথ্য ছক।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
উপজেলা: ...................., জেলা: ................

স্মারক নং: এসইডিপি/পিসিইউ/অ্যাকসেস/উপবৃত্তি/মাপযোগ/০১/২০১৮/ তারিখ: ৩০/০৯/২০১৯ খ্রি:

সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. সচিব, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৫. মহাব্যবস্থাপক, পিসিএমডি, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা;
(উপজেলা পর্যায়ে ব্যাংক কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
৬. প্রধান শিক্ষক/সুপার(সকল-সেকায়েপভুক্ত ২৫০ উপজেলা);

মো: মোস্তাফিজুর রহমান
গবেষণা কর্মকর্তা
প্রোগ্রাম কো-অর্ডিনেশন
ইউনিট

"২০১৯ শিক্ষাবর্ষে শুধুমাত্র ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির দরিদ্র পরিবারের ছাত্র-ছাত্রী এই ফরম পূরণ করবে"

| নতুন শিক্ষার্থীর আবেদন ফরম | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার<br>সেকেন্ডারী এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম ( এস ই ডি পি ) | শিক্ষাবর্ষ | |
|---|---|---|---|

শিক্ষা প্রতিষ্ঠানের ব্যানবেইস ইআইএন ☐☐☐☐☐☐

শিক্ষা প্রতিষ্ঠানের নামঃ (বাংলা)..............................

(ইংরেজি)..............................

**(খ) শিক্ষার্থীর উপাত্ত/ তথ্য**

যে উপজেলা হতে শিক্ষার্থী সমাপনী পরীক্ষায় অংশগ্রহন করেছিলঃ ☐ সমাপনী পাশের বছরঃ ☐☐☐☐

সমাপনী পরীক্ষার রোল নম্বরঃ ☐☐☐☐☐☐

শিক্ষার্থীর সমাপনী পরীক্ষার (১৬ ডিজিট) আইডিঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐ (মার্কসীট অনুযায়ী)

শিক্ষার্থীর নামঃ (ইংরেজি)..............................

জন্ম সনদ নম্বর ..............................

পিতার নামঃ (ইংরেজি)..............................এনআইডি নম্বর..............................

মাতার নামঃ (ইংরেজি)..............................এনআইডি নম্বর..............................

সেকশনঃ..............................রোল নম্বরঃ..............................

শিক্ষার্থীর ঠিকানাঃ গ্রাম/মহল্লা..............................ডাকঘরঃ..............................উপজেলা/থানা..............................

জেলাঃ..............................পোষ্টকোড..............................

**(গ) পিতা/অভিভাবকের উপাত্ত/তথ্য**

(শিক্ষার্থী/অভিভাবক কর্তৃক পূরণীয়)

১. পিতা/অভিভাবকের নামঃ (ইংরেজি)..............................এনআইডি নম্বর..............................

২. ঠিকানা (অভিভাবক) গ্রাম/মহল্লাঃ..............................ডাকঘর..............................উপজেলা/থানাঃ..............................

জেলাঃ..............................পোষ্টকোড..............................

৩. সম্পর্ক পিতা ☐১ মাতা ☐২ ভাই ☐৩ অন্যান্য ☐৪ (টিক( ✓ )চিহ্ন দিতে হবে)

৪. পিতা/অভিভাবকের পেশা ও বার্ষিক আয়..............................

**ঘ) পিতা/অভিভাবকের আর্থ-সামাজিক অব**

**আবেদনকারী যে ক্যাটাগরী হিসাবে ভাতা পাওয়ার উপযুক্ত সেক্ষেত্রে(টিক( ✓ )চিহ্ন দিতে হবে)। একাধিক বিষয় প্রযোজ্য হলে একাধিক ঘরে (টিক( ✓ )চিহ্ন দিতে হবে)।**

| | | | |
|---|---|---|---|
| ১ | শিক্ষার্থীর পিতা/অভিভাবক ৭৫শতাংশের কম ভূমির মালিক | ৫ | উপার্জন অক্ষম /বিকলাঙ্গ (যেমনঃ পঙ্গু,অন্ধ,বোবা,ইত্যাদি) |
| ২ | পিতা/অভিভাবকের বার্ষিক আয় ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার কম | ৬ | নদী ভাঙ্গন কবলিত/ বাস্তুহারা ওঅস্বচ্ছল পরিবারের সন্তান |
| ৩ | দুঃস্থ অসহায় গোষ্ঠী (যেমনঃ এতিম,অনাথ) | ৭ | নিম্ন আয়ের শ্রমজীবী (যেমনঃ রিক্সাচালক,দিনমজুর ইত্যাদি) অভিভাবকের সন্তান |
| ৪ | অস্বচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান | ৮ | চরম প্রতিবন্ধী শিক্ষার্থী (ডাক্তারের শিক্ষার্থী (ডাক্তারের সনদ সংযুক্ত করতে হবে) |

এই মর্মে ঘোষণা করছি যে, উপরে বর্ণিত তথ্যসমূহ সঠিক এবং নির্ভুল। প্রদত্ত তথ্যে কোন প্রকার মিথ্য অথবা ভুল প্রমাণিত হলে কর্তৃপক্ষ প্রদত্ত যে কোন আইনানুগ ব্যবস্থা মেনে নিতে বাধ্য থাকব। আবেদনের তথ্য মূল্যায়নের মাধ্যমে উপবৃত্তি প্রাপ্তির জন্য সুবিধাভোগী শিক্ষার্থী নির্বাচিত হবে এবং উপবৃত্তি ও টিউশন সহায়তা পেতে যথা-(১)৭৫% দিন ক্লাসে উপস্থিত; (২)পরিক্ষায় উত্তীর্ণ হওয়া এবং (৩) এসএসসি পরীক্ষা সমাপ্ত না হওয়া পর্যন্ত অবিবাহিত থাকার শর্তসমূহ প্রতিপালন করব।

শিক্ষার্থীর স্বাক্ষর (পূর্ণ নাম) | অভিভাবকের স্বাক্ষর | শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল

ডিইও/ইউএসইও এর স্বাক্ষর ও সীল

# এইচএসপি-স্কিমের আওতায় ২০১৯ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর অর্ন্তভুক্তি ফরম (Student Enrollment Form)

Secondary Education Development Program (SEDP)
Enrollment Form for Stipend Beneficiary under HSP Scheme

বিশেষ নির্দেশনা :

- উপবৃত্তির যোগ্য তালিকায় যাদের নাম আছে তাদের জন্য প্রযোজ্য।
- নির্বাচিত শিক্ষার্থীর ফরমের নির্ধারিত স্থানে ১.৫ ইঞ্চি X ১.৫ ইঞ্চি রঙ্গিন ছবি আঠা দিয়ে লাগাতে হবে।
- নির্বাচিত শিক্ষার্থীর সমাপনী পরীক্ষার মার্কসীট অথবা সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি এবং অভিভাবকের এনআইডি-এর ফটোকপি ( সত্যায়িত ) অবশ্যই ফরম-এর সাথে সংযুক্ত করতে হবে।
- এই ফরমে প্রদানকৃত সকল তথ্য ইংরেজীতে পূরণ করতে হবে।
- কোন ভুল/অসত্য নম্বরপত্র অথবা তথ্য প্রদান করলে প্রতিষ্ঠান প্রধান ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

পিএমটি শিক্ষার্থীর ১.৫ ইঞ্চি X ১.৫ ইঞ্চি রঙ্গিন ছবি আঠা দিয়ে লাগাতে হবে।

Division : ........................
District : ........................
Upazila : ........................
Name of the Applicant : ....................................
Applicant`s Birth Registration No. : ....................................

Father`s Name : ....................................
Father`s NID No. : ....................................
Mother`s Name : ................................
Mother`s NID No. : ................................
Guardian`s Name : ....................................
Guardian`s NID No. : ................................
EIIN No. of Present Institution where he/She has enrolled: | | | | | | |

Name of the Present Institution: ..........................................................
Student`s Present Class/Grade: [ ]

নির্বাচিত ৬ষ্ঠ/৭ম শ্রেণীর শিক্ষার্থীদের সমাপনী পরীক্ষার তথ্য:

| সমাপনী পরীক্ষার রোল নং | সমাপনী পরীক্ষায় প্রাপ্ত জিপিএ | সমাপনী পরীক্ষায় পাশের সন | উপজেলার নাম (সমাপনী পরীক্ষায় যে উপজেলা থেকে উত্তীর্ণ হয়েছে) |
|---|---|---|---|
| | | | |

Signature of Head of Institution:
Official Seal with Name:
Date:
Mobile No:

Signature of Upazilla Secondary Education Officer:
Official Seal With Name:
Date:
Mobile No:

## নমুনা

<u>প্রত্যয়নপত্র</u>

শিক্ষা প্রতিষ্ঠানের নাম:

শিক্ষা প্রতিষ্ঠানের ইআইএন:

উপজেলা:

জেলা:

| শ্রেণি ভিত্তিক উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৬ষ্ঠ শ্রেণি | | | | | | ৭ম শ্রেণি | | | | | |
| মোট ভর্তিকৃত শিক্ষার্থী | | | উপবৃত্তির যোগ্য শিক্ষার্থী | | | মোট ভর্তিকৃত শিক্ষার্থী | | | উপবৃত্তির যোগ্য শিক্ষার্থী | | |
| ছাত্র | ছাত্রী | **মোট** | ছাত্র (১৫%) | ছাত্রী (৪৫%) | **মোট** | ছাত্র | ছাত্রী | **মোট** | ছাত্র (১৫%) | ছাত্রী (৪৫%) | **মোট** |
| | | | | | | | | | | | |

এই মর্মে আমি নিশ্চয়তা প্রদান করছি যে, ২০১৯ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে উল্লিখিত ভর্তিকৃত শিক্ষার্থীর উপবৃত্তি সংক্রান্ত প্রদত্ত সকল তথ্য সঠিক ও নির্ভুল।

স্বাক্ষর ও সীল

প্রতিস্বাক্ষর ও সীল

প্রধান শিক্ষক/সুপার

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা

[ উপরোক্ত নমুনা ছকে তথ্যাদি প্রদান পূর্বক স্বাক্ষর করে-এর স্ক্যান কপি

sedp.seqaepstipend@gmail.com

ই-মেইলে প্রেরণ করতে হবে]

Excel Sheet.

| Sl No. | Division | District | Upazila | School EIIN | School Name | Student's Name | Father's Name | Class | Mobile Account No. | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | AY 2019 | | |
| 1 | | | | | | | | | | |
| 2 | | | | | | | | | | |